দৈনিক
ইত্তেফাক

তারিখ 21 FEB 2019
পৃষ্ঠা 7 কলাম 7

# মহাখালীতে শিক্ষার্থীদের সড়ক অবরোধ, দুর্ভোগ

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি তিতুমীর কলেজের শিক্ষার্থীরা পরীক্ষা ও সেমিনার ফি কমানোর দাবিতে সড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে। গতকাল শনিবার সকালে এ অবরোধের কারণে মহাখালী থেকে গুলশান-১ নম্বরমুখী সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে দুর্ভোগে পড়েন ওই সড়ক ব্যবহারকারী যাত্রীরা। আধাঘন্টা পর তারা অবরোধ তুলে নিলে যান চলাচল শুরু হয় এবং পরিস্থিতি স্বাভাবিক হয়ে ওঠে। আগামীকাল সোমবার আবার তারা বিক্ষোভ করবে বলে জানিয়েছে।

আন্দোলনকারী শিক্ষার্থীদের অভিযোগ, অনার্স চতুর্থ বর্ষের পরীক্ষা ও বিভিন্ন বিভাগের সেমিনার ফি নির্ধারিত হারের চেয়ে অনেক বেশি আদায় করছে কলেজ কর্তৃপক্ষ। অন্যান্য সরকারি কলেজের তুলনায় এই ফি এক হাজার ১০০ থেকে শুরু করে চার হাজার টাকা পর্যন্ত বেশি। কোন খাতে বাড়তি টাকা নেয়া হচ্ছে তাও স্পষ্ট জানানো হয়নি।